

সুনান আবৃ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৯২১

৫/ হাজ (হজ/হজ) (এшানা ভার)

পরিচ্ছেদঃ ৬২, আরাফাত থেকে প্রত্যাবর্তন।

باب الدَّفْعَةِ مِنْ عَرَفَةَ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكِ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، أَنَّهُ قَالَ سُئِلَ أُسَامَةُ بْنُ زَيْدٍ وَأَنَا جَالِسٌ، كَيْفَ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَسِيرُ فِي حَجَّةِ الْوَدَاعِ حِينَ دَفَعَ قَالَ هِشَامٌ النَّصُ فَوْقَ الْعَنَقِ .

বাংলা

১৯২১. আল কা'নবী হিশাম ইবন উরওয়া (রহঃ) তাঁর পিতা হতে বর্ণনা করেছেন। তিনি বলেন, একদা উসামাকে জনৈক ব্যক্তি প্রশ্ন করেন, আর ঐ সময় আমি তাঁর কাছে বসা ছিলাম। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বিদায় হজ্জের সময় আরাফাত হতে মুযদালিফায় গমণকালে কিরূপে যান? তখন জবাবে তিনি বলেন, তিনি মধ্যম গতিতে ভ্রমণ করেন। অতঃপর তিনি যখন রাস্তা প্রশস্ত পান, তখন দ্রুত গতিতে অগ্রসর হন। রাবী হিশাম (রহঃ) বলেন, মধ্যম গতি হতে দ্রুততর গতিতে চলাকে 'নস' বলে।

English

Hisham bin 'Urwah reported on the authority of his father Usamah bin Zaid was asked when I was sitting along with him, how did the Apostle of Allaah() travel during the Farewell Pilgrimage when he proceeded from 'Arafah to Al Muzdalifah? He replied he was travelling at a quick pace and when he found an opening he urged on his Camel. Hisham said "Nass(running or urging on the Camel) is above 'anaq(going at a quick pace)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ হিশাম ইবন উরওয়াহ (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন